

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ন্যাশনাল একাডেমি ফর অটিজম এন্ড নিউরোডেভেলপমেন্টাল ডিজএ্যাবিলিটিস (NAAND)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা

স্মারক নং : মাউশি/অ.টি.একা.স্বা.প্র./জনবল/নিয়োগ(পিআইইউ)/১৬/২০১৪/৬৮

তারিখ : ১৭/০৮/২০২২ খ্রিঃ।

“নিয়োগ বিজ্ঞপ্তি”

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন “ন্যাশনাল একাডেমি ফর অটিজম এন্ড নিউরোডেভেলপমেন্টাল ডিজএ্যাবিলিটিস (NAAND)” শীর্ষক প্রকল্পের হিসাবরক্ষক পদে ১৮,৮৩০/- টাকা সাকুল্য বেতনে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে স্নাতক বা উহার সমমানের ডিগ্রীধারী প্রার্থীদের নিকট থেকে শুধুমাত্র প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য সম্পূর্ণ অস্থায়ীভাবে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

আবেদনের শর্ত ও নিয়মাবলী:

- ০১। চাকুরির জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত মডেল আবেদন ফরম প্রার্থী কর্তৃক যথাযথভাবে পূরণ করে আবেদন করতে হবে। আবেদনপত্রের সঙ্গে নিম্নোক্ত কাগজপত্রের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।
 - ক) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র এবং জাতীয় পরিচয়পত্রের অনুলিপি।
 - খ) সম্প্রতি তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
 - গ) আবেদনপত্রের সঙ্গে সকল প্রার্থীকে প্রকল্প পরিচালক “ন্যাশনাল একাডেমি ফর অটিজম এন্ড নিউরোডেভেলপমেন্টাল ডিজএ্যাবিলিটিস (NAAND)” মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা এর অনুকূলে হিসাব কোড “১-২৫৩১-০০০০-২০৩১” খাতে ১০০/- (একশত) টাকা অফেরতযোগ্য ট্রেজারী চালানের মাধ্যমে জমা দিয়ে চালানের মূল কপি আবেদনপত্রের সঙ্গে দাখিল করতে হবে।
- ০২। ৩০/০৯/২০২২ খ্রিঃ তারিখে আবেদনকারীর বয়স ন্যূনতম ১৮ (আঠার) বছর এবং সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর এর মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা, শারীরিক প্রতিবন্ধী / এতিমদের ক্ষেত্রে অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- ০৩। সমাপ্ত প্রকল্পের জনবল অন্য প্রকল্পে নিয়োগের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের জারিকৃত ১৯ সেপ্টেম্বর ২০০৪ তারিখের সম/সওব্য/টিম-১(২)/১১/২০০৩-১৬৫ নং স্মারক অনুসারে প্রবেশ পদে নিয়োগের বয়সসীমা শিথিলযোগ্য।
- ০৪। চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করতে হবে।
- ০৫। নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদনপত্রের সঙ্গে নিজের নাম ঠিকানা লিখিত ১৩/- (তের) টাকার ডাকটিকিট লাগানো ১০.৫" X ৪.৫" সাইজের একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে।
- ০৬। আবেদনপত্র আগামী ৩০/০৯/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে প্রকল্প পরিচালক, ন্যাশনাল একাডেমি ফর অটিজম এন্ড নিউরোডেভেলপমেন্টাল ডিজএ্যাবিলিটিস (NAAND) কক্ষ নং ১১৭ (নীচ তলা), আব্দুল গণি রোড, শিক্ষা ভবন, ঢাকা-১০০০ বরাবর পৌছাতে হবে।
- ০৭। লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ০৮। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদানে কিংবা আবেদনকারিগণকে লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণে বাধ্য থাকবে না।



(অধ্যাপক ড. মোহাম্মদ দিদারুল আলম)
প্রকল্প পরিচালক, NAAND
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
ফোন নং ০২-৪১০৫০০৪১

ই মেইল: naand2015@gmail.com